গোলাপগঞ্জ লক্ষীপাশা ইউনিয়ন বিএনপির ইফতার মাহফিল

বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও সিলেট জেলা বিএনপির সাবেক সভাপতি আবুল কাহের চৌধুরী শামীম বলেছেন, ফ্যাসিবাদী সরকারের রাজনৈতিক প্রতিহিংসার শিকার হয়ে গৃহবন্দী হয়ে আছেন তিন বারের সাবেক সফল প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া। জনপ্রিয়তায় ঈর্ষান্বিত হয়ে সরকারের রোষানলে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান দেশনায়ক তারেক রহমান। কিন্তু জনতার সরকার প্রতিষ্ঠিত হলে সকল জুলুমের অবসান ঘটবে। গণতন্ত্র পুনরুদ্ধারের মাধ্যমে আওয়ামী ফ্যাসিবাদের পতন নিশ্চিত করে জনতার সরকার প্রতিষ্ঠিত হবে। এক্ষেত্রে সকল পর্যায়ের জাতীয়তাবাদী শক্তিকে অগ্রনী ভুমিকা পালন করতে হবে।
তিনি সোমবার বেগম খালেদা জিয়ার সুস্থতা ও মুক্তি কামনায় গোলাপগঞ্জ উপজেলার ৪নং লক্ষীপাশা ইউনিয়ন বিএনপি আয়োজিত দোয়া ও ইফতার মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে উপরোক্ত কথা বলেন। ইউনিয়ন বিএনপির সভাপতি সাহেদ আহমদ শুয়াই এর সভাপতিত্বে, যুগ্ম সম্পাদক কামাল আহমদ ও লায়েক আহমদের যৌথ পরিচালনায় অনুষ্ঠিত দোয়া ও ইফতার মাহফিলে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, গোলাপগঞ্জ উপজেলা বিএনপির সভাপতি গোলাম কিবরিয়া চৌধুরী শাহীন, সিনিয়র সহ-সভাপতি হেলালুজ্জামান হেলাল, সহ-সভাপতি আনহার মিয়া, যুগ্ম সম্পাদক আশরাফ বাদল।
অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, ৪নং লক্ষীপাশা ইউনিয়ন বিএনপির সিনিয়র সহ-সভাপতি তারেক আহমদ মেম্বার, দিলাল আহমদ মেম্বার, ইসমাইল হোসেন মেম্বার, বশির উদ্দিন মেম্বার, সাংগঠনিক সম্পাদক আবুল কাহের, প্রচার সম্পাদক এম মুনিম, যুগ্ম সম্পাদক শরীফ আহমদ, বিএনপি নেতা জামাল আহমদ, ময়নুল ইসলাম, বদরুল ইসলাম, কাওছার আহমদ, মনুসর আহমদ, জেলা ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক ফরহাদ আহমদ চৌধুরী, স্বেচ্ছাসেবক দল নেতা হেলাল আহমদ প্রমূখ। বিজ্ঞপ্তি